

## FALAKATA COLLEGE

Test Examination - 2017-18

Time : 2 Hrs.

Class : B.A

Subject : Bengali

F. M. : 50

Paper : I + II + III

Part - I

- ১। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : 14X3=42
- ক) বাংলা গদ্যের বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের অবদান আলোচনা কর  
খ) কে, কাকে বাংলা গীতিকাব্যের 'ভোরের পাখি' বলেছেন ? এরূপ বলার কারণ ব্যাখ্যা কর।  
গ) ছোটগল্পকার রবীন্দ্রনাথ সম্পর্কে আলোচনা কর।  
ঘ) পূর্বরাগ ও অনুরাগের পার্থক্য লিখ। এর মধ্যে পূর্বরাগ পর্যায়ের শ্রেষ্ঠ কবির কৃতিত্ব বিচার কর।  
ঙ) মাথুর বলতে কী বোঝায় ? এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কাব্য প্রতিভার পরিচয় দাও।  
চ) 'বঙ্গভাষা' বিষয়ক সনেটটির তাৎপর্য বিশ্লেষণ কর।  
ছ) চতুর্দশপদী কবিতাবলীর অন্তর্গত পৌরাণিক প্রসঙ্গযুক্ত কবিতা অবলম্বনে কবির পুরাণ-পীতির পরিচয় দাও।  
জ) 'হিমালয় ভ্রমণ' রচনাটিকে কি ভ্রমণ কাহিনী বলা যায় ? উপযুক্ত বিশ্লেষণ সহকারে তোমার মত প্রতিষ্ঠিত কর।  
ঝ) 'সুভা' গল্পের নামকরণের সার্থকতা বিচার কর।  
ঞ) 'দেবী চৌধুরানী' উপন্যাসে অনুশীলন ধর্মের সার্থক প্রয়োগ কতটা ঘটেছে তা আলোচনা কর।
- ২। যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও : 4X2=8
- ক) সংক্ষিপ্ত টীকা লিখ : আলালের ঘরের দুলাল অথবা পথের দাবী।  
খ) 'কন্টক গাড়ি কমলসম পদতল' - কার, কোন্ পর্যায়ের পদ ?  
গ) 'চতুর্দশপদী কবিতাবলী'তে কতগুলি কবিতা আছে ? এই কবিতাগুলিকে চতুর্দশপদী বলে কেন ?  
ঘ) 'সেই tradition সমানে চলেছে।' - কোন্ traditon ?  
ঙ) 'সেজে গুজে কি ভুলাইতে যাইবে ? ছি।' - বক্তা কে ? এরূপ বলার কারণ কী ?  
চ) 'কঙ্কাল' গল্পের এরূপ নাম কতটা সার্থক ?

**FALAKATA COLLEGE**

Test Examination - 2017-18

Time : 2 Hrs.

Class : B.A

Subject : Bengali

F. M. : 50

Paper : IV + V + VI

Part - II

- ১। যে কোন তিনটি প্রশ্নের উত্তর দাও : 14X3=42
- ক) ধ্রুনি প্রধান বা কলাবৃত্ত ছন্দের বৈশিষ্ট্য উপযুক্ত উদাহরণসহযোগে আলোচনা কর।
- খ) যমক ও শ্লেষ অলংকারের সংজ্ঞা উল্লেখ কর এবং দুটি অলংকারের পার্থক্য লিখ।
- গ) গীতিকাব্য কাকে বলে? মহাকাব্যের সঙ্গে এর পার্থক্য নির্দেশ কর।
- ঘ) আঞ্চলিক উপন্যাস বলতে কী বোঝ? উদাহরণসহ এই শ্রেণীর উপন্যাসের বৈশিষ্ট্যগুলি আলোচনা কর।
- ঙ) 'সুরদাসের প্রার্থনা' অবলম্বনে রবীন্দ্রনাথের সৌন্দর্য চেতনার স্বরূপ বিশ্লেষণ কর।
- চ) 'মানসী' কাব্যের নামকরণের তাৎপর্য বিশ্লেষণ কর।
- ছ) ট্রাজেডি নাটকের আদর্শে 'বিসর্জনের' মূল্যায়ন করো।
- জ) 'বাংলার মুখ' কবিতাটির কাব্য সৌন্দর্য বিচার করো।
- ঝ) 'দেনাপাওনা' উপন্যাসের নামকরণ কতখানি সার্থক হয়েছে আলোচনা কর।
- এ) 'কেরানী জীবনের ট্রাজেডিই এই গল্পের পরিণতি।' 'শুধু কেরানী' গল্পটি অবলম্বনে মন্তব্যটি বিচার কর।
- ২। যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও : 4X2=8
- ক) উদাহরণ সহ সংজ্ঞা দাও : (দুটি)  
উপমা, যমক, সমাসোক্তি, ব্যতিরেক।
- খ) ছন্দোলিপি প্রস্তুত কর :  
মহাভারতের কথা অমৃত সমান।  
কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান ॥
- গ) 'গড়ে তুলি মানসী প্রতিমা' - কবির মানসী প্রতিমা কে? তিনি কীভাবে তাঁকে গড়ে তোলেন?
- ঘ) 'উপমাই কবিত্ব' - রূপসী বাংলার কবিতাগুলো থেকে চারটি উপমার উদাহরণ দাও।
- ঙ) 'দুঃশাসনীয়' - গল্পের দুঃশাসন কে? সংক্ষেপে ব্যাখ্যা কর।
- চ) 'তুই খেলেই আমার খাওয়া হবে।' - কে, কাকে বলেছে? বক্তার কোন্ মনোভাব ব্যক্ত হয়েছে?

## FALAKATA COLLEGE

Test Examination - 2017-18

Time : 2 Hrs.

Class : BA

Subject : Bengali

F. M. : 50

Paper : VII

Part - III

- ১। নিম্নলিখিত শব্দগুলির যে কোনো পাঁচটির পরিভাষা লেখ : 5  
Allegory, Anti-hero, Canto, Farce, Fiction, Image, Romance, Trilogy, Utopia, Wit
- ২। নিম্নে প্রদত্ত রচনাটির পুঙ্খ সংশোধন করো : 5  
গীরি এবারে আমারে মাউ এল আর উম পাঠাব না।  
বল বলব লোকের মনদ কারও কথা শুনবো না।।  
যদি এশে মৃত্যুঞ্জয়, উম নেবা কথাই কয় -  
এবা মায় কি ? করবো বাগড়া জামা বল মানবোনা।  
(পাডুলিপিটি নীচে দেওয়া হল)  
গিরি, এবার আমার উমা এলে, আর উমা পাঠাব না।  
বলে বলবে লোকে মন্দ, কারো কথা শুনবো না।।  
যদি এসে মৃত্যুঞ্জয়, উমা নেবার কথা কয় -  
এবার মায়ে-বিয়ে করবো বাগড়া, জামাই বলে মানব না।
- ৩। যে কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো। 15  
(অনধিক ৩০০ শব্দে)  
ক) উত্তরবঙ্গের পটভূমিকায় বাংলা উপন্যাস।  
খ) উত্তরবঙ্গের লোসাহিত্য  
গ) মধ্যযুগের সমাজ জীবন  
ঘ) সার্থ-শতবর্ষে ভগিনী নিবেদিতা।
- ৪। যে কোনো দুটি বিষয়ে উদাহরণসহ পরিচয় দাও :  $2\frac{1}{2} \times 2 = 5$   
স্বরভক্তি, অপিনিহিতি, সমীভবন, অভিশ্রুতি, অথবিস্তার
- ৫। নিম্নে প্রদত্ত অংশটি আন্তর্জাতিক ধনি-বর্ণমালা অথবা রোমান বর্ণমালা অনুসারে লিপ্যন্তর করো। 5  
অনুবাদ করা সহজ কাজ নয়। ভাল ইংরেজির অনুবাদ করা কঠিন।  
ভাষাকে এত ঘষিতে মাজিতে হয় যে তাহার শক্তি থাকে না, মূল লেখক যত  
জোরে কথা বলিয়াছেন, অনুবাদক যদি অনুরূপ শব্দ প্রয়োগ করিয়া তত  
জোরে কথা না বলিতে পারেন, তবে তাহার কাজ সেই পরিমাণে যা হইয়াছে  
বুঝিতে হইবে।

৬। ফেসবুক এই প্রজন্মের ছেলেমেয়েদের পক্ষে কতটা ভালো বা মন্দ এ বিষয়ে দুই বন্ধুর কাল্পনিক সংলাপ লেখ। 5

অথবা

মহাবিদ্যালয়ে সরস্বতী পূজা উপলক্ষে ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে একটি আমন্ত্রণ পত্র রচনা কর।

৭। বন্ধু চা বাগানের শ্রমিকদের দুর্দশা বিষয়ে একটি প্রতিবেদন রচনা কর। 5

অথবা

যত্রতত্র ধূমপানের নিষেধাজ্ঞা জানিয়ে কলেজের পক্ষ থেকে একটি বিজ্ঞপ্তি রচনা কর।

৮। বাংলায় অনুবাদ করো : 5

Man is a Social animal. he cannot live alone and no person can be happy without sincere friend. But selfish person cannot get friends. You cannot receive love unless you give it. Love be obtained only by giving love in return.